

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ৬ ফেব্রুয়ারি, ২০২০ ১৯:০৯

## চাকরির পেছনে না ছুটে উদ্যোক্তা হওয়ার পরামর্শ শিক্ষামন্ত্রীর নিজস্ব প্রতিবেদক



চাকরি নামক সোনার হরিণের পেছনে না ছুটে শিক্ষার্থীদের উদ্যোক্তা হওয়ার পরামর্শ দিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। একই সঙ্গে জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রতিও আহ্বান জানান তিনি।

বৃহস্পতিবার বিকালে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি।

বিশ্ববিদ্যালয়ের মাদানি এভিনিউক্স ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি আবদুল হামিদের পক্ষে তার প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী।

শিক্ষামন্ত্রী বলেন, একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা ও চতুর্থ শিল্প বিপ্লবের জন্য উপযোগী জ্ঞান, কর্মজগতের চাহিদা অনুযায়ী দক্ষতা এবং সাফল্যের জন্য প্রয়োজনীয় যথাযথ মনোভাবের সু-সমন্বয়ে শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে যোগ্য মানবসম্পদ হিসেবে। শিক্ষার্থীদের কল্যাণমুখী ও প্রায়োগিক গবেষণা করতে উৎসাহী করতে হবে যেন দেশ গঠনে তারা ভূমিকা পালন করতে পারে। বিশ্ববিদ্যালয়গুলোকে এক্ষেত্রে যথাযথ ভূমিকা পালন করতে হবে।

এসময় সমকালীন বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষার্থীদের আধুনিক জ্ঞান বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর শিক্ষায় শিক্ষিত হওয়ার আহ্বান জানান তিনি।

সমাবর্তন অনুষ্ঠানে ২০৫২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা।

সমাবর্তন বক্তা অধ্যাপক ড. গওহর রিজভী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, এই অর্জিত জ্ঞান শুধুমাত্র সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ এবং জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদের আত্মনিয়োগ করার আহ্বান জানান। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. হাসনান আহমেদ, ইউনিভার্সিটির ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সভাপতি, সমাবর্তন বক্তা, বিশ্ববিদ্যালয়ের ডীন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডীন, বিভাগীয় প্রধানরা, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক, শিক্ষাবিদ ও সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

বিডি প্রতিদিন/আরাফাত

Print